

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩১১

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة) পরিচ্ছেদঃ ২৩/২৯. ভুনা গোশত

بَاب الشِّوَاءِ

আরবী

বাংলা

৩/৩৩১১। আবুদুল্লাহ ইবনুল হারিস ইবনুল হারিস ইবনুল জাযই আয-যুবাইদী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে মসজিদে বসে ভুনা মাংস খেয়েছি, অতঃপর কাঁকরে হাত মুছে দাঁড়িয়ে নামায পড়েছি, কিন্তু (মাংস খাওয়ার কারণে পুনরায়) উযু করিনি।

English

It was narrated that 'Abdullah bin Harith bin Jaz' Az-Zubaidi said: "We ate food with the Messenger of Allah (ﷺ) in the mosque, meat that had been roasted. Then we wiped our hands on the pebbles and got up to perform prayer without performing ablution."

ফুটনোট

আহমাদ ১৭২৪৯, ১৭২৫৭।

তাহকীক আলবানীঃ হাত মুছার কথা ব্যাতিত সহীহ। উক্ত হাদিসের রাবী ইবনু লাহীআহ সম্পর্কে ইয়াহইয়া বিন মাঈন বলেন, তার হাদিসের ব্যাপারে কোন সমস্যা নেই। আমর বিন ফাল্লাস বলেন, তার কিতাব সমূহ পুড়ে যাওয়ায় হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। কিতাব সমূহ পুড়ে যাওয়ায় যে হাদিস বর্ণনা করেছেন তা দুর্বল। আবু



কাসিম বলেন, তিনি হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। আবু বকর আল-বায়হাকী বলেন, তার হাদিস দলীল হিসেবে গ্রহণযোগ্য নয়। আবু হাতিম আর-রাযী তাকে দুর্বল বলেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে তার কিতাব সমূহ পুড়ে যাওয়ার পর হাদিস বর্ণনায় সংমিশ্রণ করেন। বিশর ইবনুস সারী বলেন, যদি তার সাথে আমার সাক্ষাৎ হত তবে আমি তার থেকে কোন হাদিস গ্রহন করতাম না। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৫১৩, ১৫/৪৮৭ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন